**Times Today BD** 

শাহজাহান আলী বিপাশ। দেশজুড়ে। 08 April, 2025

পুর্ব শত্রুতার জেরে ঝিনাইদহের মহেশপুরে তুই কৃষকের প্রায় ৩ হাজার ড্রাগন ও ৭'শ পেয়ারা গাছ কেটে দিয়েছে তুর্বুত্তরা।ক্ষতিগ্রস্থ তুই

কৃষকের নাম রকি আহমেদ ও রিঙ্কু মিয়া।তারা উপজেলার নাটিমা ইউনিয়নের বামনগাছি গ্রামের বাসিন্দা।

সোমবার দিবাগত রাতের আধাঁরে বামনগাছি গ্রামের মাঠে এমন ন্যাক্কারজনক ঘটনা ঘটে। ফল-ফসলের এমন ক্ষয়ক্ষতির ঘটনায় ওই

এলাকার কৃষকদের মাঝে মিশ্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে।

বামনগাছি গ্রামের স্থানীয়রা জানায়, ওই গ্রামের মাঠে কৃষক রকি আহমেদ আগে দুই বিঘা জমিতে ডাগ্রন ফলের আবাদ করেছিলেন।কিছুদিন

আগে বাগান থেকে কিছু ড্রাগণ ফল বিক্রিও করেছেন তিনি।সোমবার রাতের আঁধারে ড্রাগন গাছগুলো গোড়া থেকে কেটে দিয়েছে দুর্বৃত্তরা।

মঙ্গলবার সকালে মাঠে গিয়ে গাছগুলো কাটা অবস্থায় দেখতে পান কৃষকরা।

এদিকে একই গ্রামের কৃষক রিঙ্কু মিয়ার আড়াই বিঘা জমির অন্তত ৭'শ ধরন্ত পেয়ারা গাছ কেটে দিয়েছে দুর্বৃত্তরা।এতে দিশেহারা হয়ে

পড়েছেন ওই কৃষক।

ক্ষতিগ্রস্থ কৃষক রকি আহমেদ বলেন, কে বা কারা এমন ঘটনা ঘটিয়েছে তা জানি না।ফসলের সঙ্গে কেন এমন শত্রুতা? কোনো মানুষ এমন

ক্ষতি করতে পারে? আমি এ ঘটনায় আইনের আশ্রয় নেব।

অপর কৃষক রিংকু মিয়া বলেন, পূর্ব শত্রুতার জেরে কেউ এ ঘটনা ঘটিয়ে থাকতে পারে।আমি দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের দাবী জানাচ্ছি।

মহেশপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ফয়েজ উদ্দিন মুধা বলেন, এরকম ফসলহানির ঘটনা জানা নেই।তবে খোঁজখবর নিচ্ছি।ঘটনার

সঙ্গে যে বা যারাই জড়িত থাকুক না কেন, অভিযোগ পেলে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

মহেশপুর ঝিনাইদহ দুর্বৃত্তরা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 22:06